

## বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

(পত্রবিনিয় শাখা)

বিজ্ঞপ্তি নং- ৪২২

জি,

তারিখ : ২৩/০৮/২০১৬ খ্রি:

বিষয়:- ফৌজদারী বিবিধ (ক্রিমিনাল মিস) ও ফৌজদারী রিভিশন (ক্রিমিনাল রিভিশন) মামলায় ‘টেকার নম্বর’ ব্যবহার প্রসঙ্গে।

লক্ষ্য করা যাচ্ছে যে, ফৌজদারী বিবিধ (ক্রিমিনাল মিস) ও ফৌজদারী রিভিশন (ক্রিমিনাল রিভিশন) মামলা দায়েরের সময় মামলার কোন নম্বর প্রদান করা হয় না। ফলে মোশন শুনানী পরবর্তীকালে উক্ত মামলা সমূহের নথি খুঁজে পেতে বিভিন্ন জটিলতার সৃষ্টি হয়। উক্ত জটিলতা নিরসনকলে ফৌজদারী বিবিধ (ক্রিমিনাল মিস) ও ফৌজদারী রিভিশন (ক্রিমিনাল রিভিশন) মামলা দায়েরের সময় নথিতে আবশ্যিকভাবে ‘টেকার নম্বর’ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০১। এতদ্বিষয়ে হাইকোর্ট বিভাগের ফাইলিং শাখা ফৌজদারী বিবিধ (ক্রিমিনাল মিস) ও ফৌজদারী রিভিশন (ক্রিমিনাল রিভিশন) মামলার জন্য পৃথক পৃথক ফাইলিং রেজিস্ট্রার চালু করবে এবং উক্ত মামলাসমূহ ফাইলিং এর সময় প্রতিটি মামলার জন্য ভিন্ন ভিন্ন ‘টেকার নম্বর’ প্রদান করবে।

০৩। মামলার নম্বর প্রদানের পূর্ব পর্যন্ত বিজ্ঞ আইনজীবীগণ ফৌজদারী বিবিধ (ক্রিমিনাল মিস) ও ফৌজদারী রিভিশন (ক্রিমিনাল রিভিশন) মামলার মেনশন স্লীপে এবং নকলের দরখাস্তে আবশ্যিকভাবে ‘টেকার নম্বর’ উল্লেখ করবেন।

০৪। মোশন শুনানীর নিমিত্ত উক্ত মামলাসমূহ কজলিস্টে এন্ট্রি প্রদানের সময় বেঞ্চ অফিসারগণ আবশ্যিকভাবে টেকার নম্বরসহ এন্ট্রি প্রদান করবেন।

০৫। এমতাবস্থায়, মামলার সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে উপরিউক্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

(আবু সৈয়দ দিলজার হোসেন)

রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ

### বিতরণঃ (জেষ্ঠ্যতার অনুসারে নয়)

- ১। অতিরিক্ত রেজিস্ট্রার..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (সকল)
- ২। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
- ৩। ডেপুটি রেজিস্ট্রার..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (সকল)
- ৪। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি বিজ্ঞ আইনজীবীগণকে অবগত করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৫। সহকারী রেজিস্ট্রার..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (সকল)
- ৬। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
- ৭। মাননীয় রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
- ৮। বেঞ্চ অফিসার..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, (সকল)
- ৯। সুপারিনিটিনডেন্ট, ফাইলিং শাখা/ফৌজদারী বিবিধ শাখা/ফৌজদারী রিভিশন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।
- ১০। অফিস কপি।